

১৬ বি ছাত্রলীগের সম্মেলনে
 ওবায়দুল কাদের
 ডাকসু নির্বাচন হলে
 নেতারা খারাপ
 কাজে জড়াত না

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

দীর্ঘ ২৫ বছর ধরে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রসংসদের (ডাকসু) নির্বাচন না দেওয়ায় কর্তৃপক্ষের দায়িত্বের সীমানা সংকুচিত হওয়ার শঙ্কা কি না—এমন প্রশ্ন তুলেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং ছাত্রলীগের সাবেক সভাপতি ওবায়দুল কাদের। গতকাল বৃহস্পতিবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরায়েজ বাংলায় পাদদেশে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রতিবছর সম্মেলন হওয়ার নিয়ম থাকলেও চার বছর পর এই সম্মেলন অনুষ্ঠিত হলো।

ওবায়দুল কাদের বলেন, ২৫ বছর ধরে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রসংসদ নির্বাচন বন্ধ রাখা হয়েছে কেন? এই ২৫-তে ২৫ জন ডিপি ও ২৫ জন জিএস তৈরি হতো। কলেজগুলোতে ছাত্রসংসদ নির্বাচন হয় না। নিয়মিত নির্বাচন হলে নেতারা খারাপ কাজে জড়াত না এবং কারো সঙ্গে খারাপ আচরণও করত না।

তিনি বলেন, ছাত্র রাজনীতি ও শিক্ষক রাজনীতিতে অনুপ্রবেশ ঘটেছে। ছাত্রসংসদ নির্বাচন না হওয়ায় শিক্ষকরা পদ টিকিয়ে রাখার জন্য ছাত্রদের ব্যবহার করছে। এই প্রবণতা থেকে বেরিয়ে আসতে হবে। মেধাবীদের মূল্যায়ন করে কমিটি দিতে হবে। খেয়াল রাখতে হবে কমিটি যেন 'ভাইয়ের' বা 'বন্দের' কমিটি না হয়। নেতা হওয়ার ফ্যাক্টর হবে যোগ্যতা, চামচামি যেন না হয়। সম্মেলন শেষে নিয়মিত ছাত্রদের দিয়ে কমিটি গঠনের ওপর জোর দেন ছাত্রলীগের সাবেক এ ছাত্রলীগ নেতা।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি নেহেদী হাসান মোম্বার সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ওমর শরীফের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধন করেন ছাত্রলীগের সভাপতি এইচ এম বদিউজ্জামান মোহাম্মদ। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম।